বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
ঋণ শ্রেণীবিন্যাস বিভাগ।
ফোনঃ ৯৫১৪৯১২, E-mail: dgmlcd@krishibank.org.bd

মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

নং প্রকা/সিএল-৩/২০২১-২০২২/৬৩৯ তারিখঃ ১৯-০৬-২০২২

উপ-মহাব্যবস্থাপক
বৈদেশিক বাণিজ্য/ঋণ সেকশন
স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
উপ-মহাব্যবস্থাপক
সকল কর্পোরেট শাখা,
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক,
সকল শাখা ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয় ঃ ৩০-০৬-২০২২ সূত্র তারিখ ভিত্তিক ৫৩তম ঋণ শ্রেণীবিন্যাস বিবরণী প্রস্তুতকরণ।**

প্রিয় মহোদয়

ঋণ শ্রেণীবিন্যাস ও প্রভিশনিং এর নীতিমালা সংক্রান্ত বাংলাদেশ ব্যাংকের ২৩-০৯-২০১২, ২৭-১২-২০১২, ২৯-০৫-২০১৩, ১৮-১১-২০১৪, ০২-০৮-২০১৫, ২৭-০৯-২০১৭, ২১-০৪-২০১৯, ১৯-০৩-২০২০, ১৫-০৬-২০২০, ২৮-০৯-২০২০, ৩১-০১-২০২১, ২৪-০৩-২০২১, ২৭-০৬-২০২১, ২৬-০৮-২০২১ এবং ০৪-১০-২০২১ তারিখের বিআরপিডি সার্কুলার নং যথাক্রমে ১৪, ১৯, ০৫, ১৬, ০৮, ১৫, ০৩, ০৪, ১৩, ১৭, ০৩, ০৫, ১৩, ১৯ ও ৪৫ এর নির্দেশনার প্রেক্ষিতে মাঠ পর্যায়ে জারীকৃত ঋণ শ্রেণীবিন্যাস বিভাগের ০২-১২-২০১২, ৩১-১২-২০১২, ০২-০৬-২০১৩, ২৩-১১-২০১৪, ২৩-০২-২০১৬, ০৩-০৪-২০১৬, ০৯-১০-২০১৭, ১২-০৫-২০১৯, ২৫-০৩-২০২০, ২১-০৬-২০২০, ১১-১০-২০২০, ০৪-০২-২০২১, ০৪-০৪-২০২১, ২৮-০৬-২০২১, ০১-০৯-২০২১ ও ০৭-১০-২০২১ তারিখের পত্র নং যথাক্রমে প্রকা/সিএল-১(পলিসি)/২০১২-১৩/২৩৫, ২৬৬, ৪২০, ২১২, ৫৩৬, ৫৯৮, ৪০০, ৪০৪, ২৩৫, ২৬৯, ১১৯, ২২৯, ২৭৩, ৩৪৮,৭৩ ও ১১১ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। উপরোক্ত পরিপত্র/পত্র এবং এতদসংক্রান্ত অন্যান্য নীতিমালা ও নির্দেশনা অনুসরণপূর্বক ব্যাংকের সকল শাখায় বিদ্যমান ঋণ স্থিতির আসন্ন ৩০ জুন, ২০২২ সূত্র তারিখ ভিত্তিক সিএল বিবরণী প্রস্তুত করে ঋণের সঠিক ষ্ট্যাটাস ও প্রভিশন নির্ণয়পূর্বক সংকলিত সিএল-১ বিবরণী ১৫-০১-২০২২ তারিখের মধ্যে বাংলাদেশ ব্যাংকে প্রেরণের জন্য ৫৩তম ঋণ শ্রেণীবিন্যাস কার্যক্রম যথাসময়ে আরম্ভ করা প্রয়োজন।

০২। সিএল প্রতিবেদন সঠিক ও নির্ভুলভাবে প্রণয়নের লক্ষ্যে বর্ণিত পরিপত্রসমূহের নির্দেশনার আলোকে অনুসরনযোগ্য বিষয়াদি সংক্ষেপে নিম্নরূপ ঃ

**(ক) বিআরপিডি সার্কুলার নং-০৫/২০২১ এর নির্দেশনামতে যে সকল চলমান ঋণ/বিনিয়োগ এর মেয়াদ ইতোমধ্যে অতিবাহিত হয়েছে এবং প্রচলিত নীতিমালার আওতায় নবায়নকৃত হয়নি সেসকল ঋণ বিনিয়োগের বিপরীতে ০১ জানুয়ারী ২০২০ তারিখ হতে ৩১ ডিসেম্বর ২০২০ তারিখ পর্যন্ত আরোপিত সুদ (অনাদায়ী থাকলে) মার্চ/২০২১ হতে জুন/২০২২ এর মধ্যে ৬ টি সমান ত্রৈমাসিক কিস্তিতে পরিশোধ করা যাবে। ২০২০ সালের অনাদায়ী সুদ উল্লিখিত নিয়মে পরিশোধিত হওয়ার পাশাপাশি জুন/২০২২ পর্যন্ত আরোপিত সুদ ত্রৈমাসিক ভিত্তিতে নিয়মিত পরিশোধ করা হলে উক্ত ঋণ/বিনিয়োগসমূহ ৩০ জুন ২০২২ তারিখ পর্যন্ত মেয়াদোত্তীর্ণ হিসাবে বিবেচিত হবে না। তলবী প্রকৃতির ঋণ/বিনিয়োগসমূহ মার্চ/২০২১ হতে ডিসেম্বর/২০২২ এর মধ্যে ৮ টি সমান ত্রৈমাসিক কিস্তিতে পরিশোধ করা যাবে। ত্রৈমাসিক ভিত্তিতে কিস্তি পরিশোধিত হলে ঋণ/বিনিয়োগসমূহ বিরূপমানে শ্রেণিকরণ করা যাবে না।**

**পরবর্তীতে ২৬-০৮-২০২১ তারিখের বিআরপিডি সার্কুলার লেটার নং ১৯, ১৪-১২-২০২১ তারিখের বিআরপিডি সার্কুলার লেটার নং ৫০, ২৯-১২-২০২১ তারিখের বিআরপিডি সার্কুলার লেটার নং ৫১ ও ৫২ এবং ৩০-১২-২০২১ তারিখের বিআরপিডি সার্কুলার লেটার নং ৫৩ এর নির্দেশনামতে ২৪-০৩-২০২১ তারিখের বিআরপিডি সার্কুলার নং-০৫/২০২১ এর আওতায় সুবিধাপ্রাপ্ত যে সকল ঋণ/বিনিয়োগের বিপরীতে জানুয়ারি/২১ হতে ডিসেম্বর/২১ পর্যন্ত প্রদেয় কিস্তি/অর্থের ন্যূনতম ১৫(পনের) শতাংশ ডিসেম্বর/২০২১ এর মধ্যে আদায় হলে উক্ত ঋণ/বিনিয়োগ হিসাব সমূহ অশ্রেণকিৃত হিসাবে প্রদর্শন করা যাবে। এক্ষেত্রে, ডিসেম্বর/২১ পর্যন্ত প্রদেয় কিস্তির অবশিষ্টাংশ বিদ্যমান মেয়াদ শেষ হওয়ার পরবর্তী ০১ (এক) বছরের মধ্যে প্রদেয় হবে। এছাড়া অন্যান্য কিস্তি যথাসময়ে পরিশোধ করতে হবে। উক্ত ঋণ/বিনিয়োগসমূহ বিদ্যমান নীতিমালার আওতায় রক্ষিতব্য জেনারেল প্রভিশনের অতিরিক্ত আরো ২% জেনারেল প্রভিশন সংরক্ষণ করতে হবে। বিআরপিডি সার্কুলার নং-১৯/২০২১ এর আওতায় সুবিধাপ্রাপ্ত ঋণ/বিনিয়োগের প্রয়োজনীয় তথ্যাদি (ঋণ গ্রহিতার নাম, ঋণ স্থিতি, আরোপিত সুদ/মুনাফা, আয়খাত ও ইন্টারেস্ট সাসপেন্স হিসাবে স্থানান্তরিত সুদ/মুনাফা, অতিরিক্ত প্রভিশনের পরিমাণ ইত্যাদি) সংশ্লিষ্ট শাখায় এবং প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট ডিপার্টমেন্ট-এ সংরক্ষণ করতে হবে।**

**এতদপ্রেক্ষিতে, উল্লিখিত সার্কুলারসমূহের সকল শর্ত পূরণপূর্বক কোন ঋণ/বিনিয়োগকে সুবিধা প্রদান করতে হলে ঋণ শ্রেণীবিন্যাস বিবরণী প্রস্তুতকরণের এক্সেল ফাইলের Remarks কলামে sp লিখতে হবে এবং পরবর্তী কার্যক্রম সম্পন্ন করতে হবে।**

**(খ) ৩০-০৬-২০২২ সূত্র তারিখ ভিত্তিক শাখার সকল অনাদায়ী ঋণ হিসাবের তথ্য পত্রের সাথে প্রেরিত CL_JUNE22 নামক এক্সেল ফাইলে এন্ট্রির মাধ্যমে সম্পূর্ণ সিএল বিবরণী প্রস্তুত করে অবশ্যই ০৬/০৭/২০২২ তারিখের মধ্যে মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় এবং প্রধান কার্যালয়ের ঋণ শ্রেণীবিন্যাস বিভাগে ই-মেইলযোগে প্রেরণ করতে হবে। ইতোপূর্বে প্রেরিত কোন এক্সেল ফাইলে সিএল বিবরণী প্রস্তুত করে প্রেরণ করলে তা কোনক্রমেই গ্রহনযোগ্য হবে না।**

চলমান পাতা/০২

(গ) ৩০-০৬-২০২২ সূত্র তারিখ ভিত্তিক সিএল-১ বিবরণী **টাকার অংকে** সঠিক ও নির্ভুলভাবে প্রস্তুতপূর্বক সংকলিত বিবরণী বাংলাদেশ ব্যাংকে নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণের লক্ষ্যে প্রদত্ত তথ্যের সঠিকতা নিশ্চিত হয়ে প্রস্তুতকারী, ২য় কর্মকর্তা ও শাখা ব্যবস্থাপক নামের সীলসহ স্বাক্ষর করবেন।

(ঘ) এতদসাথে সংযুক্ত **Annexure_June22_Branch নামক এক্সেল ফাইল KA এবং KHA নামক দুটি শীট আছে, শাখা এই শীটসমূহ পূরণপূর্বক সফট কপি মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ে প্রেরন করবে। অঞ্চলসমূহ Annexure_June22_Region নামক সকল ছক পূরণপূর্বক তাদের সংকলিত ছকের সফটকপি ই-মেইলযোগে ঋণ শ্রেণীবিন্যাস বিভাগে অবশ্যই ০৭-০৭-২০২২ তারিখের মধ্যে পৌঁছানো নিশ্চিত করবে। স্থানীয় মুখ্য কার্যালয়সহ সকল কর্পোরেট শাখা ০৭-০৭-২০২২ তারিখের মধ্যে Annexure_June22_Branch নামক এক্সেল ফাইলসহ স্ব-স্ব সিএল বিবরণীর সঠিকতা নিশ্চিত হয়ে ঋণ শ্রেণীবিন্যাস বিভাগে ই-মেইলযোগে পৌঁছানো নিশ্চিত করবে।**

(ঙ) সিএল-১ বিবরণীতে Small & Medium Enterprise Financing (SMEF) খাতে প্রদর্শিত ঋণ স্থিতি এবং শাখা/অঞ্চল হতে ক্রেডিট বিভাগে প্রেরিত CMSME (সিএমএসএমই) ঋণের বিবরণীতে প্রদর্শিত ঋণ স্থিতি অবশ্যই এক হতে হবে। উল্লেখ্য, বর্ণিত নির্দেশনা ঋণ শ্রেণীবিন্যাস বিভাগের ১৭-০৭-২০১৩ খ্রিঃ তারিখের পত্র নং প্রকা/সিএল-৩/২০১২-১৩/৪৫৪(১২৫০) এর মাধ্যমে মাঠ কার্যালয়ে জারী করা হয়েছে।

(চ) শাখার সিএল-১ বিবরণী এবং বৈষয়িক বিবরণীতে (এসিএফ/৩৭) প্রদত্ত মোট অনাদায়ী ঋণ, স্থগিত সুদ ও কর্মচারী ঋণের পরিমাণ হুবহু এক এবং সঠিক থাকতে হবে। সূত্র তারিখে অবশ্যই ১০১৬ (বিনিময় বিল হিসাব), ১০১৭ (বৈদেশিক বিল ক্রয় হিসাব) সহ সকল ঋণ হিসাব খাতের সিএল বিবরণী প্রস্তুত করতে হবে। **তাছাড়া সূত্র তারিখে কোন অবস্থাতেই সিসি ঋণ বা অন্য কোন ঋণের ক্রেডিট ব্যালেন্স রাখা যাবে না এবং ক্রেডিট ব্যালেন্সের সিএল বিবরণী প্রস্তুত করা যাবে না।**

(ছ) প্রতিটি ঋণ হিসাবের Date of expiry/Claim Date/Due Date/Reshedule Date/Date of First Repayment Due সঠিকভাবে Input দিতে হবে যাতে করে ঋণটি সঠিকভাবে ষ্ট্যাটাসভূক্ত হয়। তাছাড়া সকল ঋণ হিসাবের Nature of Loans and Advances/ Date of sanction/ Date of last renewal/ No. of renewal/ Date of last re-scheduling/ No. of rescheduling/ Amount sanctioned/Amount renewed/Amount rescheduled/ Balance Outstanding as of reference date/ Installment Size/ Installment Frequency (in months)/ Amount Paid since sanctioning or last rescheduling Cumulative Interest Suspense as of reference date/ Value of eligible collateral এর তথ্যও সঠিকভাবে Input দিতে হবে যাতে করে পরবর্তীতে তথ্যসমূহ সঠিকভাবে বিশ্লেষণ করা যায়।

(জ) শাখাসমূহকে অবশ্যই সকল ঋণ হিসাবের CL Marking (SS/DF/BL) সঠিকভাবে করতে হবে।

(ঝ) **বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা মোতাবেক ব্যক্তি ঋণগ্রহীতার ক্ষেত্রে CL2, CL3 ও CL4 শীটের ২ নং কলামে Name of borrower এর পাশে এবং STAC ও MC শীটের ২ নং কলামে Loan Identification No এর পাশে ঋণগ্রহীতার জাতীয় পরিচয়পত্র নম্বর (NID) লিপিবদ্ধ করতে হবে।**

(ঞ) **অত্র বিভাগের ১৮-০৫-২০২০ তারিখে মাঠপর্যায়ে জারীকৃত পত্র নং- প্রকা/সিএল-২১(নিরীক্ষা)/২০১৯-২০/২৪৩(১১০০) এর নির্দেশনা অনুযায়ী সকল ঋণ ও অগ্রিমের যথাযথভাবে শ্রেণীকরণপূর্বক এর বিপরীতে বিধি-বিধান অনুযায়ী সংস্থান রাখার বিষয়ে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করতে হবে।**

০৩। বাংলাদেশ ব্যাংকের কৃষি ঋণ ও আর্থিক সেবাভুক্তি বিভাগ কর্তৃক ঋণ শ্রেণীবিন্যাস ও প্রভিশনিং নীতিমালা সংক্রান্ত ০৫-০৩-২০১৩ তারিখে জারীকৃত এসিএফআইডি সার্কুলার লেটার নং-১ এর নির্দেশনা মোতাবেক অনধিক ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা পর্যন্ত এবং অনুর্ধ ১২ মাসের মধ্যে পরিশোধযোগ্য যে কোন ক্ষুদ্র ঋণ (Micro-Credit) স্বল্পমেয়াদী ক্ষুদ্র ঋণ (Short-term Micro-Credit) হিসেবে বিবেচিত হবে। উল্লেখ্য, বর্ণিত নির্দেশনা ঋণ শ্রেণীবিন্যাস বিভাগের ১২-০৩-২০১৩ তারিখের পত্র নং-প্রকা/সিএল-১(পলিসি)/২০১২-১৩/৩৩৬ এর মাধ্যমে মাঠ কার্যালয়ে জারী করা হয়েছে।

০৪। **বৈষয়িক বিবরণীর (এসিএফ/৩৭) ১২ নং হিসাব খাতের (Customers Liabilities as per Contra) ১২১, ১২৩, ১২৬ এবং ১২১৩ থেকে ১২৩৬ পর্যন্ত হিসাব উপ-খাতসমূহের স্থিতির যোগফল সিএল-১ বিবরণীর Off-Balance Sheet Exposure খাতের ২ নং** (Total) **কলামে প্রদর্শন করতে হবে।**

০৫। ঋণ আদায় বিভাগের ৩১-০৫-২০০১ তারিখের পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-৩১/২০০১ এর সিদ্ধান্ত অনুযায়ী স্টাফ লোন বা কর্মচারী ঋণ শ্রেণীবিন্যাস করতে হবে না। তবে সংশ্লিষ্ট সকল শাখা/কার্যালয়কে বৈষয়িক বিবরণীর (এসিএফ/৩৭) ১০১৩ হিসাব খাতের স্টাফ লোনের মোট পরিমাণ সিএল-১ এর স্টাফ লোন খাতের ২নং (Total) কলামে অন্তর্ভুক্ত করতে হবে। তাছাড়া ব্যাংকের সাধারণ ঋণ কর্মসূচীর আওতায় কোন কর্মকর্তা/কর্মচারী ঋণ গ্রহণ করে থাকলে তা যথাযথ নিয়মে শ্রেণীবিন্যাস করতে হবে।

০৬। **সিএল-১ বিবরণী নির্ধারিত সময়ের মধ্যে প্রস্তুত করে বাংলাদেশ ব্যাংকে প্রেরণের জন্য মাঠ পর্যায়ের সিএল বিবরণী প্রস্তুতকরণ কার্যাবলী তদারকী প্রয়োজন। এ কারণে ৩০-০৬-২০২২ সূত্র তারিখ ভিত্তিক সিএল বিবরণী সঠিকভাবে প্রস্তুত/পরীক্ষা করার জন্য মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়, স্থানীয় মুখ্য কার্যালয় এবং সকল কর্পোরেট শাখার ২/৩ জন কর্মকর্তা/কর্মচারীকে দায়িত্ব প্রদান করে তাদের নাম, পদবী এবং মোবাইল নম্বর সম্বলিত তালিকা ২৭-০৬-২০২২ তারিখের মধ্যে ঋণ শ্রেণীবিন্যাস বিভাগে অবশ্যই প্রেরণ করতে হবে।**


**চলমান পাতা/০৩**

০৭। ৩০ জুন, ২০২২ সূত্র তারিখে ব্যাংকের সকল ঋণ ও অগ্রিম (বিলসহ) এর খাত (ক্যাটাগরী) অনুসারে কোন্ প্রকারের ঋণের জন্য কোন্ সিএল ফরম পূরণ করতে হবে, মেয়াদোত্তীর্ণের সময়কাল/Period of arrears অনুসারে ঋণটি কোন্ ষ্ট্যাটাসভূক্ত হবে এবং প্রভিশনের হার কত হবে তা সংযুক্তি-১ এ দেখানো হলো। গুণগত মাপকাঠির ক্ষেত্রে বর্তমানে বলবৎ নীতিমালা অনুসরণীয়।

০৮। অত্র ব্যাংকের ভাবমূর্তি অক্ষুন্ন রাখার লক্ষ্যে প্রধান কার্যালয় হতে তাগিদ পত্র পাওয়ার অপেক্ষা না করে নির্ধারিত সময়ের মধ্যে নির্ভুল সিএল বিবরণী প্রস্তুত ও দাখিলের কাজে মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়সমূহ সক্রিয় ভূমিকা পালন করে ০১ জুলাই, ২০২২ থেকেই তদারকীসহ শাখাসমূহকে প্রয়োজনীয় পরামর্শ/সহযোগিতা প্রদান করবেন।

০৯। শাখার কোন ঋণের শ্রেণীকরণ অথবা প্রভিশন এর বিষয়ে বাংলাদেশ ব্যাংকের পরিদর্শন দলের বিশেষ কোন নির্দেশনা থাকলে, এ বিষয়ে উক্ত শাখাকে ঋণ শ্রেণীবিন্যাস বিভাগের সাথে যোগাযোগ করতে হবে।

১০। **ঋণ শ্রেণীবিন্যাস বিভাগের ১৩-০৬-২০১০ এবং ০৫-০৬-২০১৬ তারিখের পত্র নং যথাক্রমে প্রকা/সিএল-২১(নিরীক্ষা)/২০০৯-২০১০/ ২৭৯(১২৫০) ও ৬৬৩ এর নির্দেশনা মোতাবেক শ্রেণীকৃত ঋণের প্রকৃত চিত্র প্রদর্শণ না করা, শ্রেণীযোগ্য ঋণ শ্রেণীকরণ না করা এবং যথামানে শ্রেণীকরণ না করাসহ পত্রে উল্লেখিত সিএল বিবরণী প্রস্তুতকরণে উত্থাপিত বিভিন্ন অনিয়মের জন্য দায়ী কর্মকর্তা/কর্মচারীগণের বিরূদ্ধে ব্যাখ্যা তলবসহ প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করে বাংলাদেশ ব্যাংককে অবহিত করার বিধান বহাল রয়েছে। বর্ণিত পত্রে উল্লেখিত অনিয়ম যাতে কোন অবস্থাতেই না ঘটে তা নিশ্চিত করতে হবে**।

১১। সূত্র তারিখ পরবর্তী ১৫ দিনের মধ্যে সংকলিত সিএল-১ বিবরণী বাংলাদেশ ব্যাংকে দাখিল করার নির্দেশনা রয়েছে। বিলম্বের ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যাংকের বিরুদ্ধে প্রতিদিনের জন্য ২৫০০০/- (পঁচিশ হাজার) টাকা দন্ড আরোপের বিধান বলবৎ আছে। **নির্ধারিত তারিখের মধ্যে সঠিক ও নির্ভুল বিবরণী প্রেরণে ব্যর্থ হলে বাংলাদেশ ব্যাংক কর্তৃক আরোপিত দন্ডের দায়-দায়িত্ব সংশ্লিষ্ট শাখাসহ মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের উপর বর্তাবে। এ কারণে শাখা থেকে এক্সেল ফরমেটে প্রস্তুতকৃত সিএল বিবরণীর সফট কপি ই-মেইলযোগে অবশ্যই ০৬-০৭-২০২২ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে এবং মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় থেকে অত্র বিভাগে সর্বশেষ ০৭-০৭-২০২২ তারিখের মধ্যে সংকলিত Annexure (Annexure_June22_Region) ফাইলের সফট কপি ই-মেইলযোগে প্রেরণ নিশ্চিত করতে হবে। পত্রটি সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণ জরুরী ভিত্তিতে তাঁদের আওতাধীন সকল শাখায় প্রেরণ করবেন।** উল্লেখ্য, সিএল বিবরণী এক্সেল ফরমেটে প্রস্তুতকরণে সহায়ক হিসাবে **Excel_Guidelines** নামক নির্দেশিকা এবং এই বিষয়ক টিউটোরিয়াল ভিডিও এর লিংক এতদসাথে প্রেরণ করা হলো। ডাটা এন্ট্রির কাজ শুরুর পূর্বে নির্দেশিকা অবশ্যই ভালোভাবে পড়ে এবং টিউটোরিয়াল ভিডিওটি দেখে যথাযথ নির্দেশনা অনুসরণ করে এক্সেল ফরমেটে পূরণ করতে হবে। শাখা পর্যায়ে এক্সেল ফরমেটে সিএল বিবরণী প্রস্তুতে কোন সমস্যা দেখা দিলে সংশ্লিষ্ট মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীর সাথে যোগাযোগ করার জন্য পরামর্শ দেয়া হলো। প্রয়োজনে মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে ঋণ শ্রেণীবিন্যাস বিভাগে যোগাযোগ করা যেতে পারে। এ প্রসঙ্গে উল্লেখ্য যে, কোন শাখা এক্সেল ফরমেটে সিএল বিবরণী প্রস্তুত করে ঋণ শ্রেণীবিন্যাস বিভাগে প্রেরণের পর ফাইলটিতে কোনরূপ পরিবর্তন/সংশোধন হলে অবশ্যই ঋণ শ্রেণীবিন্যাস বিভাগের সাথে যোগাযোগ করে পুনরায় এক্সেল ফাইলটি প্রেরণ করতে হবে।

অনুমোদনক্রমে

সংযুক্তিঃ বর্ণনামতে।

আপনার বিশ্বস্ত

২৯/০৬/২২

(মোহাম্মদ আজিজুর রহমান ফকির)
উপমহাব্যবস্থাপক
(অতিরিক্ত দায়িত্বে)

নং-প্রকা/সিএল-৩/২০২১-২২/৬৩৯(১২৫০) তারিখ ঃ - ঐ -

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়-১,২,৩ এর সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৪। উপ-মহাব্যবস্থাপক, কেন্দ্রীয় হিসাব বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।
০৫। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। **সকল সংযুক্তিসহ পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার জন্য তাঁকে অনুরোধ করা হলো।**
০৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৭। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। নথি/মহানথি।

২৯/০৬/২০২২

মোঃ মস্তাক আহমদ
(উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা)

# বাংলাদেশ কৃষি ব্যাংক

**সংযুক্তি - ১**

প্রধান কার্যালয়, ঢাকা।

ঋণ শ্রেণীবিন্যাস বিভাগ

ব্যাংকের সকল ঋণ ও আগামের ক্যাটাগরী, ব্যবহারযোগ্য ফরম, ঋণ শ্রেণীবিন্যাসের ধরণ, প্রভিশন ইত্যাদি সংক্রান্ত তথ্যাবলীঃ

| ক্রঃ নং | ঋণ ও অগ্রিমের খাত (ক্যাটাগরী) | ঋণ অপরিশোধিত থাকার সময়কাল | শ্রেণীবিন্যাসের ধরণ | প্রভিশনের হার |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৪ | ৫ | ৬ |
| ১ | **চলমান ঋণ (সিএল- ২) ঃ** সাধারণত বৈষয়িক বিবরণীর ১০১৪ ও ১০২০ হিসাব খাতের এবং ঋণের প্রকৃতি অনুসারে অন্য হিসাব খাতের টাকা (যদি থাকে)। | ক) CMSME ঋণের ক্ষেত্রে ঃ | | |
| | | ২ মাসের কম সময় | অশ্রেণীকৃত (Standard) | ০.২৫% |
| | | ২ মাস বা তদুর্ধ কিন্তু ৬ মাসের কম সময় | অশ্রেণীকৃত (SMA) | ০.২৫% |
| | | ৬ মাস বা তদুর্ধ কিন্তু ১৮ মাসের কম সময় | নিম্নমান | ৫% |
| | | ১৮ মাস বা তদুর্ধ কিন্তু ৩০ মাসের কম সময় | সন্দেহজনক | ২০% |
| | | ৩০ মাস বা তদুর্ধ সময়। | মন্দ | ১০০% |
| | | খ) CMSME ব্যতীত অন্য সকল ঋণের ক্ষেত্রে ঃ | | |
| | | ২ মাসের কম সময় | অশ্রেণীকৃত (Standard) | ১% |
| | | ২ মাস বা তদুর্ধ কিন্তু ৩ মাসের কম সময় | অশ্রেণীকৃত (SMA) | ১% |
| | | ৩ মাস বা তদুর্ধ কিন্তু ৯ মাসের কম সময় | নিম্নমান | ২০% |
| | | ৯ মাস বা তদুর্ধ কিন্তু ১২ মাসের কম সময় | সন্দেহজনক | ৫০% |
| | | ১২ মাস বা তদুর্ধ সময়। | মন্দ | ১০০% |
| ২ | **তলবী ঋণ (সিএল- ৩) ঃ** সাধারণত বৈষয়িক বিবরণীর ১০১৫, ১০১৬, ১০১৭, ১০২১, ১০২২ ও ১০২৪, ১০২৫ ও ১০২৭ হিসাব খাতের এবং ঋণের প্রকৃতি অনুসারে অন্য হিসাব খাতের টাকা (যদি থাকে)। | ২ মাসের কম সময় | অশ্রেণীকৃত (Standard) | ১% |
| | | ২ মাস বা তদুর্ধ কিন্তু ৩ মাসের কম সময় | অশ্রেণীকৃত (SMA) | ১% |
| | | ৩ মাস বা তদুর্ধ কিন্তু ৯ মাসের কম সময় | নিম্নমান | ২০% |
| | | ৯ মাস বা তদুর্ধ কিন্তু ১২ মাসের কম সময় | সন্দেহজনক | ৫০% |
| | | ১২ মাস বা তদুর্ধ সময়। | মন্দ | ১০০% |
| ৩ | **মেয়াদী ঋণ (সিএল- ৪) ঃ** | ক) CMSME ঋণের ক্ষেত্রে ঃ | | |
| | | ৮ মাসের কম সময় | অশ্রেণীকৃত (Standard) | ০.২৫% |
| | | ৮ মাস বা তদুর্ধ কিন্তু ১২ মাসের কম সময় | অশ্রেণীকৃত (SMA) | ০.২৫% |
| | | ১২ মাস বা তদুর্ধ কিন্তু ২৪ মাসের কম সময় | নিম্নমান | ৫% |
| | | ২৪ মাস বা তদুর্ধ কিন্তু ৩৬ মাসের কম সময় | সন্দেহজনক | ২০% |
| | | ৩৬ মাস বা তদুর্ধ সময়। | মন্দ | ১০০% |
| | | খ) CMSME ব্যতীত অন্য সকল ঋণের ক্ষেত্রে ঃ | | |
| | | ৮ মাসের কম সময় | অশ্রেণীকৃত (Standard) | ১% |
| | | ৮ মাস বা তদুর্ধ কিন্তু ৯ মাসের কম সময় | অশ্রেণীকৃত (SMA) | ১% |
| | | ৯ মাস বা তদুর্ধ কিন্তু ১৫ মাসের কম সময় | নিম্নমান | ২০% |
| | | ১৫ মাস বা তদুর্ধ কিন্তু ১৮ মাসের কম সময় | সন্দেহজনক | ৫০% |
| | | ১৮ মাস বা তদুর্ধ সময়। | মন্দ | ১০০% |
| ৪ | **স্বল্প মেয়াদী কৃষি ঋণ ও ক্ষুদ্র ঋণ (মাইক্রোক্রেডিট) (সিএল- ৫) ঃ** | ১২ মাস পর্যন্ত সময় | অশ্রেণীকৃত | ১% |
| | | ১২ মাসের উর্ধে কিন্তু ৩৬ মাস পর্যন্ত সময় | নিম্নমান | ৫% |
| | | ৩৬ মাসের উর্ধে কিন্তু ৬০ মাস পর্যন্ত সময় | সন্দেহজনক | ৫% |
| | | ৬০ মাসের উর্ধের সময়। | মন্দ | ১০০% |
| ৫ | **স্টাফ লোন ও আগামের ক্ষেত্রেঃ** (বৈষয়িক বিবরণীর ১০১৩ হিসাব খাতের টাকা)। | স্টাফ লোন শ্রেণীবিন্যাস করতে হবে না। তবে শাখার বৈষয়িক বিবরণীর ১০১৩ খাতের স্টাফ লোনের মোট পরিমাণ সিএল- ১ এর স্টাফ লোন খাতের ২নং কলামে অন্তর্ভূক্ত করতে হবে। | | |
| ৬ | অশ্রেণীকৃত (Standard) এবং অশ্রেণীকৃত (SMA) হিসেবে শ্রেণীবিন্যাসিত ঋণের ক্ষেত্রে Consumer Financing (CF) খাতে ২%, Housing Finance (HF) খাতে ১% এবং Loans for Professionals to set-up business (LP), Loans to BHs/MBs/SDs খাতে ২% হারে general provision নির্ণয় করতে হবে। এছাড়া Off Balance Sheet Exposure এর ক্ষেত্রে ১% হারে প্রভিশন নির্ণয় করতে হবে। | | | |